



## যুক্তরাষ্ট্রের হামলার জবাব ভয়াবহ হবে: ইরানের পররাষ্ট্রমন্ত্রী



ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। ছবি: সংগৃহীত

ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের সামরিক অভিযানের পর কঠোর হুঁশিয়ারি দিয়েছেন দেশটির পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। তিনি বলেছেন, যেকোনো হামলার জবাব ইরান কঠোরভাবে দেবে।

মঙ্গলবার সামাজিক যোগাযোগমাধ্যম এল্ডে দেওয়া এক পোস্টে আরাঘচি বলেন, যুদ্ধক্ষেত্রে ব্যর্থ হয়ে যুক্তরাষ্ট্র এখন ইরানের দৃঢ়তা পরীক্ষা করার চেষ্টা করছে। তবে ইরানের সশস্ত্র বাহিনী কোনো হামলা বা হুমকিকে জবাব ছাড়া রাখবে না বলেও মন্তব্য করেন তিনি।

একই পোস্টে তিনি বিদেশি বাহিনীকে উদ্দেশ করে বলেন, নিরাপদ থাকতে চাইলে অঞ্চল ছেড়ে চলে যেতে হবে।

এর আগে স্থানীয় সময় মঙ্গলবার বিকেলে মার্কিন সেন্ট্রাল কমান্ড (সেন্টকম) ইরানের বিভিন্ন সামরিক স্থাপনায় হামলা চালায়। হরমুজ প্রণালির আশপাশে থাকা আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা ও রাডার স্থাপনাগুলো ছিল এই হামলার লক্ষ্য।

মার্কিন প্রশাসন জানায়, একটি অ্যাপাচি হেলিকপ্টার ভূপাতিত হওয়ার ঘটনার পর প্রেসিডেন্টের নির্দেশে এ অভিযান শুরু করা হয়। তাদের দাবি, এটি ছিল আত্মরক্ষামূলক পদক্ষেপ।